গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আব্দুল গণি রোড়, ঢাকা
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৫২১.১৮ তারিখ: -১০-২০২৪ খ্রি.

**বিষয় : পৌরকর খাতে অর্থ বরাদ্দ।**

সূত্র : তাঁর কার্যালয়ের স্মারক নং - ২৮৪ ও ২৮৬, তারিখ: ২৩-০৯-২০২৪ ও ২৪-০৯-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাহিদাপত্র ও সংযুক্ত কাগজপত্র অনুযায়ী দেখা যায়, মেহেন্দিগঞ্জ পৌরসভার ২৪.০৭.২৩ খ্রি. তারিখের ৫২০ নং স্মারকে ২০২৩-২৪ অর্থবছরের জন্য মেহেন্দিগঞ্জ এলএসডির পৌরকর ১,৩৫,০০০/-টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে ২৪.০৭.২৪ খ্রি. তারিখে ২০২৩-২৪ অর্থবছরের জন্য পুনরায় ১,৭৩,৩৫২/-টাকা এবং ২০২৪-২৫ অর্থবছরের জন্য ২,১০,৬০০/-টাকা নির্ধারণ করা হয়। কিন্তু একই অর্থবছরের জন্য দুই ধরণের পৌরকর নির্ধারণের বিষয়টি বোধগম্য নয়। তাছাড়া ১৭.০৯.২০২৪ খ্রি. তারিখের ২৮০ নং স্মারকে প্রশাসক, মেহেন্দিগঞ্জ পৌরসভা বরাবর আপনার প্রেরিত পত্রের প্রেক্ষিতে পৌরসভা কর্তৃক প্রদত্ত জবাবের কোনো কপি প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, পৌরকর খাতে চাহিত অর্থ বরাদ্দের নিমিত্তে একই অর্থবছরে দুই ধরণের পৌরকর নির্ধারণের বিষয়ে সুস্পষ্ট কারন উল্লেখপূর্বক মেহেন্দিগঞ্জ এলএসডির সর্বশেষ কবে এ্যাসেসমেন্ট করা হয়েছিল তার তথ্য ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ পুনরায় চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ
মো: সাহিদার রহমান
ইন্সট্রাক্টর
সংযুক্তি হিসাব ও অর্থ বিভাগ

**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেন্দিগঞ্জ, বরিশাল**

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৫২১.১৮ ১৫৭৫/১(৪) তারিখ: ০৭ -১০-২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
৩। সজল রায়, অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। **পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে (নোটিশ বোর্ডে) প্রকাশ করার জন্য বলা হলো।**
৪। অফিস কপি/মাস্টার কপি।

০৭.১০.২০২৪
ইছমত আরা শিরীন
সহকারী উপপরিচালক
হিসাব ও অর্থ বিভাগ